# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 14-08-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকায় গরমিলের অভিযোগে রাজ্যের চার আধিকারিকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্বাচন কমিশনের কাছে এক সপ্তাহ সময় চেয়েছে রাজ্য সরকার।

২/ ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে অস্বাভাবিক হারে ভোটার বৃদ্ধি পেয়েছে বলে, অভিযোগ করেছে বিজেপি।

৩/ পশ্চিমবঙ্গ সরকারের সদিচ্ছার অভাবে এরাজ্যের প্রায় ৩৩ লক্ষ কৃষক, ‘PM কিষাণ সম্মাননিধি’ প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

৪/ ৭৯-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন। #দিনটি উদ্‌যাপন উপলক্ষ্যে শহর জুড়ে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

৫/ স্বাধীনতা দিবসের আগে আজ, অভয়ার ন্যায় বিচারের দাবীতে ‘রাত দখল’-এর কর্মসূচী নিয়েছে বিভিন্ন সংগঠন।

৬/ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের নিজস্ব বই-এর বিপণি ‘বুক মার্ট’-এর আজ উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

*****************************************************************************

ভোটার তালিকায় গরমিলের অভিযোগে রাজ্যের চার আধিকারিকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্বাচন কমিশনের কাছে রাজ্য সরকার এক সপ্তাহ সময় চেয়ে নিয়েছে। কমিশনের তলবের প্রেক্ষিতে গতকাল দিল্লিতে নির্বাচন সদনে হাজিরা দেন রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং দুই নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের মুখোমুখি হতে হয় তাঁকে। নির্বাচন কমিশনের সুপারিশ কেন কার্যকর হয়নি তা জানতে চায় ফুল বেঞ্চ। প্রাথমিকভাবে মুখ্য সচিব সময় চেয়ে নেন বলে জানা গেছে।

উল্লেখ্য, ভোটার তালিকায় ভুয়ো নাম তোলার অভিযোগে কমিশন বারুইপুর পূর্বের ERO দেবোত্তম দত্ত চৌধুরী, AERO তথাগত মণ্ডল, ময়নার ইআরও বিপ্লব সরকার এবং AERO সুদীপ্ত দাসকে সাসপেন্ড ও তাঁদের বিরুদ্ধে FIR–এর নির্দেশ দেয় কমিশন। একইসঙ্গে এই কাজে জড়িত থাকার অভিযোগে অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটর সুরজিৎ হালদারের নামেও FIR দায়েরের কথা বলা হয়। কিন্তু রাজ্য সরকার শুধুমাত্র একজন AERO এবং ওই ডেটা এন্ট্রি অপারেটরকে ভোট সংক্রান্ত কাজ থেকে অব্যাহতি দেয়। এর প্রেক্ষিতেই মুখ্যসচিবকে দিল্লিতে তলব করে নির্বাচন কমিশন।

*****************

তৃণমূল কংগ্রেস, ভুয়ো ভোটার নিয়ে কংগ্রেসের সুরে কথা বললেও দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ডায়মন্ড হারবার লোকসভা আসনে গত চার বছরে ১৫ শতাংশ ভোটার বেড়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। দিল্লীতে গতকাল এক সাংবাদিক বৈঠকে বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর বলেন, ঐ লোকসভা কেন্দ্রের কিছু বুথে ভোটার সংখ্যা বৃদ্ধির হার অস্বাভাবিক। ফলতায় ১৭ শতাংশ, বিষ্ণুপুরে ৫২, মহেশতলায় ৮৯ এবং বজবজে ৩২ শতাংশ ভোটার বেড়েছে বলেও তিনি অভিযোগ করেন।

*****************

তারাতলার শিব মন্দিরের সামনে বিজেপির প্রতিবাদ সভায় কলকাতা হাইকোর্ট শর্তসাপেক্ষে অনুমতি দিয়েছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ গতকাল জানিয়েছেন, আগামী

১৭ আগস্ট বিকেল ৫ টা থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত সর্বোচ্চ ৫০০ জন লোক নিয়ে সভা করা যাবে। ৫ জন স্বেচ্ছাসেবকের নাম ও তাদের মোবাইল নম্বর আগে থেকে পুলিশকে জানিয়ে রাখতে হবে। সভা থেকে কোনো বিতর্কিত মন্তব্য করা যাবে না বলে নির্দেশ দিয়েছে আদালত।

উল্লেখ্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সভায় ঐ সভায় উপস্থিত থাকতে পারেন।

****************

৭৯-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সন্ধ্যে সাতটা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সবক'টি কেন্দ্র ও প্রচার তরঙ্গে রাষ্ট্রপতির ভাষণ হিন্দি ও ইংরেজীতে সম্প্রচারিত হবে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ শোনা যাবে রাত সাড়ে ৯'টায়।

এর প্রেক্ষিতে আকাশবাণীর কিছু সংবাদ বুলেটিনের সময়সূচীর পরিবর্তন করা হয়েছে। আকাশবাণী কলকাতার আজ সন্ধ্যের ৭'টা ৩৫ মিনিটের জাতীয় সংবাদ প্রচারিত হবে রাত আটটায়, স্থানীয় সংবাদের পর। FM রেনবো প্রচার তরঙ্গে সন্ধ্যে ৭'টা ও রাত ৮'টার হেডলাইন আজ বাতিল থাকছে। সন্ধ্যে সাড়ে ৭'টায় গীতাঞ্জলী প্রচার তরঙ্গে সমীক্ষা'ও আজ প্রচারিত হবেনা।

স্বাধীনতা দিবসে আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, জাতীয় পতাকা উত্তোলনের পর লালকেল্লার প্রাকার থেকে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সকাল ৭'টা থেকে প্রচারিত হবে এই অনুষ্ঠানের ধারাবিবরণী ও প্রধানমন্ত্রীর ভাষণ। এর প্রেক্ষিতে FM রেনবোয় আগামীকালের সকাল ৭'টা, ৮'টা ও ৯'টার হেডলাইন বাতিল করা হয়েছে। প্রধানমন্ত্রীর ভাষণ শেষ না হওয়া পর্যন্ত কোন সংবাদ বুলেটিন'ও প্রচারিত হবে না। প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ প্রচারিত হবে রাত সাড়ে ৯'টায়।

অন্যদিকে, স্বাধীনতা দিবসে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন। এর প্রেক্ষিতে FM রেনবোয় রাত ৮'টার হেডলাইন'ও আগামীকাল প্রচারিত হবে না।

****************

আগামীকাল ৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে কলকাতা শহর জুড়ে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। মূল অনুষ্ঠানটি হবে রেড রোডে। সকাল ১০'টায় শুরু হয়ে তা চলবে সকাল সাড়ে ১১'টা পর্যন্ত।

যুগ্ম পুলিশ কমিশনার, ডেপুটি কমিশনার সহ প্রায় পাঁচ হাজার পুলিশ কর্মী শহরের বিভিন্ন জায়গায় মোতায়েন থাকবেন। থাকছে কুইক রেসপন্স টিমও। আজ থেকেই বিভিন্ন রাস্তায় নাকা চেকিং ছাড়াও ওয়াচ টাওয়ার থেকে নজরদারি চালানো হবে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

*****************

স্বাধীনতা দিবসের আগের রাতে গতবারের মত এবছরও আজ অভয়ার ন্যায় বিচারের দাবিতে বিভিন্ন সংগঠন পথে নামছে।

বাম ছাত্র যুব সংগঠন SFI, DYFI, RG-KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের প্রকৃত তদন্তের দাবিতে 'রাত দখল' কর্মসূচির ডাক দিয়েছে। কলকাতার শ্যামবাজারে এই কর্মসূচিতে সমাজের সর্বস্তরের মানুষকে যোগদানের আহ্বান জানানো হয়েছে। 'রাত দখল- রাস্তা দখল' কর্মসূচি নিয়েছে অভয়া মঞ্চ'ও।

দুপুরে মৌলালি যুব কেন্দ্রে নাগরিক কনভেনশনের আয়োজন করা হচ্ছে।

*****************

নবান্ন অভিযানে কলকাতা পুলিশের ডিসি, এসএসডি বিদিশা কোলিতা এবং তার দেহরক্ষীকে খুনের চেষ্টার অভিযোগে ধৃত বিজেপি নেতা চন্দন গুপ্তকে গতকাল ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে, ১৫'ই আগষ্ট পর্যন্ত পুলিশ হেপাজত হয়েছে। জগদ্দল এলাকার বাসিন্দা ওই ব্যক্তিকে বৌ-বাজার ও বেন্টিং স্ট্রীটের সংযোগ স্থল থেকে গ্রেফতার করা হয়। পুলিশ সূত্রের খবর, গত ৯-ই আগস্ট অভয়ার বাবা-মায়ের ডাকে নবান্ন অভিযানের দিন CCTV-র ফুটেজ খতিয়ে দেখে ওই ব্যক্তিকে শনাক্ত করা হয়।

এদিকে, নবান্ন অভিযানের দিন পুলিশকে কটূক্তির অভিযোগে বিজেপি বিধায়ক অশোক দিন্দা এবং দলের নেতা কালী খটিককে নিউ মার্কেট তলবের প্রেক্ষিতে আগাম জামিনের আবেদন জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন তাঁরা। পাশাপাশি

নবান্ন অভিযানের পরবর্তীকালে তাঁদের বিরুদ্ধে যত মামলা দায়ের হয়েছে, তা খারিজের আবেদন জানিয়ে আদালতে গেছেন বিজেপি নেতা শঙ্কুদেব পান্ডা এবং অর্জুন সিংও। বিচারপতি জয় সেনগুপ্তর এজলাসে, আজ এর শুনানি হতে পারে।

*****************

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসুর গাড়িতে হামলার ঘটনায় বিশ্ব বিদ্যালয়ের প্রাক্তনী হিন্দোল মজুমদারকে দিল্লি বিমান বন্দর থেকে গ্রেপ্তার করা হয়েছে। কলকাতা পুলিশ তাঁকে ট্রান্সিট রিমান্ডে রাজ্যে নিয়ে আসছে।

গত পয়লা মার্চ, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ওয়েবকুপা-র বার্ষিক সম্মেলনে যোগ দিতে গিয়ে পড়ুয়াদের বিক্ষোভের মুখে পড়েন শিক্ষামন্ত্রী। ভাঙচুর করা হয় তাঁর গাড়ি। এরপরই ওই ছাত্রের নামে 'লুক আউট' নোটিশ জারি হয়। গতকাল দিল্লি পুলিশ বিমানবন্দর থেকে তাঁকে গ্রেপ্তার করে। স্পেনে গবেষণারত হিন্দোল, ওই ঘটনার অন্যতম চক্রী বলে  জানিয়েছে পুলিশ।

*****************

পড়ুয়াদের হাতে সঠিক সময়ে পাঠ্যপুস্তক পৌঁছে দিতে এবার বইয়ের বিপণী চালু করতে চলেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। সল্টলেকে আজ সংসদের প্রধান কার্যালয়ে বুকমার্ট নামে এই  বিপণীর উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সংসদের টেক্সট বুক নম্বর যুক্ত বিভিন্ন প্রকাশনা সংস্থার পাঠ্যবই এখানে পাওয়া যাবে। এছাড়া সংসদের নিজস্ব প্রকাশিত বইগুলিও থাকবে। স্কুল কর্তৃপক্ষ অথবা পড়ুয়ারা সরাসরি বুকমার্ট থেকে বই সংগ্রহ করতে পারবেন। পরবর্তীকালে এখান থেকে অনলাইনেও বই কিনতে পারবেন ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, উচ্চ মাধ্যমিকের পাঠ্যবই সঠিক সময়ে পড়ুয়ারা হাতে পাচ্ছে না বলে একাধিক স্কুলের অভিযোগের প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত।

*****************

মন্ত্রিসভার ছাড়পত্র মেলার পর কলকাতা পুরসভা এলাকায় এক কাঠা বা তারও কম পরিমাণ জমিতে বাড়ি তৈরীর বিষয়ে অনুমোদন দেওয়ার কাজ শুরু হয়েছে বলে জানিয়েছেন পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম।

পুরসভার মেয়র পরিষদের বৈঠকে গতকাল বিল্ডিং প্ল্যানে অনুমোদন দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়। এই পদক্ষেপের ফলে যেমন স্বল্প আয়তনের জমির ব্যবহার বাড়বে, তেমনই নতুন আবাসন প্রকল্প এবং ক্ষুদ্র নির্মাণ ব্যবসায়ীদের জন্যও সুযোগ তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

*****************

বায়ুদূষণের নিরিখে শীর্ষস্থানে থাকা রাজ্যের ছ'টি শহরের বাতাসের মানের পূর্বাভাস দেওয়ার ব্যবস্থা চালু করতে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বেঙ্গালুরু-ভিত্তিক একটি অভিজ্ঞ সংস্থার সঙ্গে হাত মিলিয়েছে। আবহাওয়া দফতর যেমন সাত দিনের আগাম জলবায়ুর পূর্বাভাস দেয়, আধুনিক প্রযুক্তি ব্যবহার করে তেমনই সাত দিনের বাতাসের মান বা AQI পূর্বাভাস দেওয়া যাবে। এই তথ্য 'পরিবেশ অ্যাপ'-এর মাধ্যমে সাধারণ মানুষও জানতে পারবেন। আগামী শীতেই এই পরিষেবা চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে। AQI পূর্বাভাস ব্যবস্থা চালু হলে পরিবহন দফতর, হাউজিং সোসাইটি, পুরসভা সহ সংশ্লিষ্ট সংস্থাগুলিকে আগাম সতর্কবার্তা দেওয়া সম্ভব হবে, যাতে আগে থেকেই দূষণ রোধে ব্যবস্থা নেওয়া যায়।

জাতীয় পরিচ্ছন্ন বায়ু কর্মসূচি এনসিএএপি-র তালিকাভুক্ত রাজ্যের বায়ু দূষণের শীর্ষে থাকা শহরগুলি হল কলকাতা, হাওড়া, ব্যারাকপুর, আসানসোল, দুর্গাপুর ও হলদিয়া।

**********************************************************************